

আবেদনপত্র সারা বছর
গৃহীত হয়।

প্রতিটি আবেদনপত্রের সাথে জন্ম এবং আয়
যাচাইকরণের নথি প্রদান করতে হবে।

অন্যান্য পরিস্থিতি যোগ্যতার জন্য উপযুক্ত
হতে পারে।

সর্ব সম্প্রতি প্রকাশিত ফেডারেল আয়
নির্দেশিকা থেকে আয় নির্দেশিকা ব্যবহার করা
হয়।

আরো তথ্যের জন্য আমাদের সাথে

যোগাযোগ করুন:

95 West 100 South Suite 200

Logan, Utah 84321

(435) 755-0081

Hablamos Español

www.brheadstart.org



আমাদের লক্ষ্য

বিয়ার রিভার হেড স্টার্ট (Bear River Head Start) একটি প্রতিপালন ও সহায়ক পরিবেশে শিশু, পরিবার, কর্মী এবং কমিউনিটির শিক্ষা এবং বিকাশের সুযোগ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। BRHS সততা, সম্মান এবং সাধুতার সাথে এটি সম্পন্ন করবে।



বিয়ার রিভার হেড স্টার্ট

শিশুদের স্কুলে যেতে বা স্কুল থেকে ফিরতে বাস
সেবা প্রদান করে না

পরিবহনের বিকল্প:

- হোম বেসড প্রোগ্রাম
- হেড স্টার্ট সংশ্লিষ্ট বাবা-মা কারপুল করতে পারেন
- গণ পরিবহন
- কিছু এলাকার জন্য স্কুল ডিস্ট্রিক্ট বাস।

Bear River 

headSTART

Bengali

বিয়ার রিভার হেড স্টার্ট হলো
গর্ভবতী নারী এবং প্রতিবন্ধিত্ব

সম্পন্ন 0-5 বছর বয়সী

শিশুদের জন্য একটি

প্রোগ্রাম।

প্রি-স্কুল

আর্লি হেড স্টার্ট

হোম বেসড সার্ভিসেস



আর্লি হেড স্টার্ট গর্ভবতী নারী এবং 0-3 বছর বয়সী শিশুদের পরিষেবা প্রদান করে।

আর্লি হেড স্টার্ট সেন্টার-বেসড প্রোগ্রাম গর্ভবতী মা এবং তিন বছর পর্যন্ত বয়সী শিশুদের জন্য অবকাশ এবং মানসম্পন্ন শিশু পরিচর্যা পরিষেবা প্রদান করে। এই কেন্দ্র প্রত্যেক শিক্ষকের সঙ্গে চারজন শিশু - এই অনুপাতে কাজ করে। সর্বোচ্চ মানের পরিচর্যা প্রদানের লক্ষ্যে প্রত্যেক শিক্ষককে প্রাথমিক শিশু বিকাশের উপর প্রশিক্ষণ দেওয়া হয়। আর্লি হেড স্টার্ট শিশুর বিকাশ, অভিভাবকত্ব/সম্পৃক্তি, পুষ্টি, স্বাস্থ্য, এবং সাক্ষরতা, নিয়োগযোগ্যতা এবং শিক্ষাগত লক্ষ্য পূরণ সম্পর্কে তথ্য প্রদানের উপর জোর দেয়।

প্রতিবন্ধী বা বিকাশে বিলম্বিত শিশু/বাচ্চা শিশুদের পরিবার খণ্ড C-এর প্রদানকারীদের মাধ্যমে সমন্বিত পরিষেবা পায়।



আর্লি হেড স্টার্ট এবং প্রি-স্কুল হেড স্টার্ট উভয় প্রোগ্রাম নিম্নলিখিত কাউন্টিগুলোতে হোম বেসড সুবিধা প্রদান করে থাকে: **Box Elder, Cache, Rich, Bear Lake, Caribou, Franklin, Oneida and South Bannock**

প্রি-স্কুল হেড স্টার্ট 3-5 বছর বয়সী শিশুদের পরিষেবা প্রদান করে।

সেন্টার-বেসড হলো 3 এবং 4 বছর বয়সী শিশুদের জন্য ক্লাসরুম ভিত্তিক ব্যবস্থা (শিশুকে অবশ্যই বর্তমান স্কুল বছরের 1 সেপ্টেম্বরের মধ্যে 3 বছর বয়সী বা কমপক্ষে 3 বছর বয়সী হতে হবে)। প্রতিটি শিশুকে স্বতন্ত্র হিসাবে বিবেচনা করা হয় এবং তার নিজ গতিতে বেড়ে ওঠার সুযোগ দেওয়া হয়। শিশুদের সাফল্য দেখতে আগ্রহী যত্নশীল কর্মীদের মাধ্যমে উন্নত পরিবেশে তারা বেড়ে ওঠে, শেখে এবং বিকাশিত হয়। প্রতিটি শ্রেণীকক্ষে একজন শিক্ষক ও একজন শিক্ষক সহকারী এবং 14-18 জন শিশু (শ্রেণীকক্ষের আকারের উপর নির্ভর করে) থাকে। সোম-বৃহস্পতিবার ক্লাস হয়। এলাকার উপর নির্ভর করে সকাল, বিকেল এবং বর্ধিত দিনের (6.5 ঘণ্টা) ক্লাসের সুযোগ রয়েছে।

হোম-বেসড

হোম-বেসড প্রোগ্রাম এই বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত যে, সন্তানদের প্রথম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ শিক্ষক হলেন তাদের বাবা-মা। প্রথম শিক্ষা হয় বাড়িতে, সবচেয়ে প্রাকৃতিক পরিবেশে। বাবা-মা সব সময় শিক্ষা দিচ্ছেন! এই দর্শনকে মাথায় রেখে যেসব পরিবার তাদের সন্তানদের হোম-বেসড প্রোগ্রামে ভর্তি করে, তারা বাবা-মা-কেন্দ্রিক প্রক্রিয়ার মাধ্যমে হেড স্টার্ট পরিষেবাসমূহ পাবে প্রাথমিকভাবে বাড়িতে কোনো পারিবারিক শিক্ষকের হোম ভিজিটের মাধ্যমে শিশুদের পরিষেবা প্রদান করা হয়। বাবা-মা এবং শিশুদের সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়।

- প্রি-স্কুল সেন্টার, আর্লি হেড স্টার্ট সেন্টার বা হোম বেসড শিক্ষার সুযোগ
- জন্মপূর্ব সহায়তা
- স্বতন্ত্র শিক্ষণ পরিকল্পনা
- পরিবারের প্রয়োজনে কোনো পারিবারিক উকিল সহায়তা করে থাকে।
- বিকাশগত পরীক্ষা
- শ্রবণ এবং দৃষ্টি পরীক্ষা
- পুষ্টিকর খাবার
- মানসিক স্বাস্থ্য সহায়তা

আর্লি হেড স্টার্ট সেন্টার ভিত্তিক বিকল্প:

- ◆ Logan (South Center)
670 West 400 South
Logan, Utah 84321
- ◆ Logan (North Center)
1300 North 200 East, Ste. 102
Logan, Utah 84321

EHS সময় সোম-শুক্র সকাল 8:00 টা—বেলা 2:00 টা

স্কুল হেড স্টার্ট সেন্টার ভিত্তিক বিকল্প:

Logan, Brigham, Hyde Park, Hyrum, Malad,
Richmond, Smithfield, Tremonton, Preston, Paris

